গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.১১.০০১.১২(অংশ-১)-৩৪১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯
২৬ মে ২০২২

বিষয়: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণের বিষয়ে বিদ্যমান সমস্যা সমাধানকল্পে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত প্রসংগে।

সূত্র: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা: ৪৬.১১.১৬০০.০০১.৩১.০০০.২১-১০২, তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণের বিষয়ে বিদ্যমান সমস্যা নিয়ে গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

(ক) বিদ্যমান জনবলের নিয়োগ প্রক্রিয়া, যোগ্যতা, বয়স ইত্যাদি পর্যালোচনা করে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন চাকরি বিধিমালা ২০১৯ এর আলোকে শূন্য পদ পূরণ ও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি স্থায়ীকরণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

(খ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনে নিয়োজিত দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিকের সংখ্যা ও প্রয়োজনীয়তা পুনঃপর্যালোচনা করে এর সংখ্যা হালনাগাদ করতে হবে; এবং

(গ) সাংগঠনিক কাঠামোভূক্ত যে সকল শূন্য পদের বিপরীতে কোন অস্থায়ী জনবল কর্মরত নাই অথবা কম সংখ্যক কর্মরত সে সকল পদে দ্রুত সরাসরি নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামোভূক্ত শূন্য পদ পূরণের বিষয়ে বিদ্যমান সমস্যা সমাধানকল্পে গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬/৫/২২

মোহাম্মদ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।